ভোরের কাগজ

২৬/৯/২০০১

তারিখ ...
পৃষ্ঠা ২০ কলাম ১

শিক্ষকদের সংবাদ সম্মেলন

# নির্বাচনের সময় ছাত্র সংসদের কার্যক্রম স্থগিত রাখুন

কাগজ প্রতিবেদক : আসন্ন জাতীয় নির্বাচনে শান্তিপূর্ণ পরিবেশে দায়িত্ব পালনের জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ছাত্র সংসদ কার্যক্রম স্থগিত রাখার আবেদন জানিয়েছে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন। এ ছাড়া নির্বাচনী দায়িত্ব পালনকালে কোনো বেসরকারি শিক্ষক আহত বা নিহত হলে তারা যেন সরকারি শিক্ষকদের সমপরিমাণ ক্ষতিপূরণ পান তাও নিশ্চিত করার দাবি জানানো হয়েছে।

গতকাল মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠকালে ফেডারেশনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ একথা বলেন।

এইচএসসি পরীক্ষার ফলাফল বিপর্যয় সম্পর্কে তিনি বলেন, ক্লাসে ছাত্রদের উপস্থিতি ন্যূনতম ৭৫ শতাংশ নিশ্চিত করা গেলে, শুধুমাত্র নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণদের পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করা হলে, সর্বোপরি শিক্ষকগণ নিষ্ঠা ও আন্তরিকতা সহকারে নির্ধারিত সময়ের মধ্যে সিলেবাস সমাপ্ত করলে পরীক্ষার ফল বিপর্যয়ের এ চিত্র আগামী বছর উল্টে যাবে।

কাজী ফারুক বলেন, প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত সরকারি-বেসরকারি শিক্ষক-কর্মচারীদের জন্য যে বেতন কাঠামো রয়েছে তা দিয়ে শিক্ষকতা পেশায় মেধা আকর্ষণ সম্ভব নয়।

কল্যাণ ট্রাস্টের বিরুদ্ধে ষড়যন্ত্রকারীদের সতর্ক করে দিয়ে তিনি বলেন, বেসরকারি শিক্ষক-কর্মচারীগণ এখন এককালীন যে আর্থিক সুবিধা পাওয়া শুরু করেছেন তা অবশ্যই বহাল রাখতে হবে। কোনো অবস্থাতেই ট্রাস্টের অঙ্গহানি করা চলবে না। এর পাশাপাশি বেসরকারি শিক্ষক-কর্মচারীদের জন্য সরকারি শিক্ষক-কর্মচারীদের অনুরূপ পেনশন স্কিম চালু করতে হবে। সাবেক প্রধানমন্ত্রী বেগম জিয়া শিক্ষক-কর্মচারীদের কল্যাণে দুই কিস্তিতে যে ২৯ কোটি টাকা দিয়েছেন তা দিয়েই পেনশন স্কিমের কাজ শুরু করা যেতে পারে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।